# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯০২]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الِافْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ১৯: তাকবীরের পর অন্য প্রকার দু'আ

## نوع آخر من الذكر بعد التكبير

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قال: حَدَّثَنَا حَجَّاجٌ قال: حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ ثَابِتٍ وَقَتَادَةَ، وَحُمَيْدٍ، عَنْ أَنَسٍ أَنَّهُ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِنَا إِذْ جَاءَ رَجُلٌ فَدَخَلَ الْمَسْجِدَ وَقَدْ حَفَزَهُ النَّفَسُ فَقَالَ: اللَّهُ أَكْبَرُ، الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ قَالَ: أَيُّكُمُ الَّذِي تَكَلَّمَ بِكَلِمَاتٍ فَأَرَمَّ الْقَوْمُ قَالَ: إِنَّهُ لَمْ يَقُلْ بَأْسًا قَالَ: أَنَا يَا رَسُولَ اللَّهِ جِئْتُ وَقَدْ حَفَزَنِي النَّفَسُ فَقُلْتُهَا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَقَدْ رَأَيْتُ اثْنَيْ عَشَرَ مَلَكًا يَبْتَدِرُونَهَا أَيُّهُمْ يَرْفَعُهَا .

تخريج دارالدعوه: صحيح مسلم/المساجد ٢٧ (٦٠٠)، سنن ابی داود/الصلاة ١٢١ (٧٦٣)، (تحفة الأشراف: ٣١٣، ٦١٢، ١١٥٧)، مسند احمد ٣/١٦٧، ١٦٨، ١٨٨، ٢٥٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 902 ـ صحيح

বাংলা

৯০১. মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহ.) ..... আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেন, রাসূলুল্লাহ (সা.) আমাদের নিয়ে সালাত আদায় করছিলেন। হঠাৎ এক ব্যক্তি এসে মসজিদে প্রবেশ করল, সালাতের জন্যে দ্রুত আসার কারণে তার শ্বাস-প্রশ্বাসে কষ্ট হচ্ছিল। সে বলল- “আল্ল-হু আকবার আলহামদু লিল্লা-হি হামদান কাসীরান ত্বইয়িবাম মুবা-রকান ফীহি” (সমস্ত প্রশংসা আল্লাহর জন্যে ও তার জন্যে উত্তম ও প্রচুর প্রশংসা, তার প্রশংসার

মধ্যে বরকত আছে)। রাসূলুল্লাহ (সা.) এর সালাত সমাপ্ত করে বললেন- তোমাদের মাঝে কে এ বাক্যগুলো উচ্চারণ করল? এতে উপস্থিত সকলে চুপ হয়ে গেল । তিনি (সা.) বললেন, সে কোন ক্ষতিকর কথা বলেনি। সে ব্যক্তি বলল- হে আল্লাহর রসূল! আমি বলেছি। আমি এসে পড়লাম আর আমার তখন শ্বাসকষ্ট হচ্ছিল তখন আমি তা বলেছি। রাসূলুল্লাহ (সা.) বললেন- আমি বারোজন মালাক (ফেরেশতা)-কে দেখলাম, তারা প্রতিযোগিতা করছে, কে তা তুলে নিবে।”

## English

19. Another Kind Of Remembrance After The Takbir

It was narrated that Anas said: The Messenger of Allah (ﷺ) was leading us in prayer when a man came and entered the masjid, and he was out of breath. He said: 'Allahu Akbar, al-hamdulillahi hamdan kathiran tayiban mubarakan fih. (Allah is Most Great, praise be to Allah, much good and blessed praise.)' When the Messenger of Allah (ﷺ) had finished his prayer he said: 'Which of you is the one who spoke these words?' The people kept quiet. He said: 'He did not say anything bad.' The man said: 'I did, O Messenger of Allah. I came and I was out of breath, and I said it.' The Prophet (ﷺ) said: 'I saw twelve angels rushing to see which of them would take it up.'

### ফুটনোট

সহীহ: মুসলিম ৬০০, আবু দাউদ (১/২০) ৭৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87275

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন